

ইউসুফ | Yusuf | يُوسُف

আয়াতঃ ১২ : ৯৭

আরবি মূল আয়াত:

قَالُوا يَا أَبَانَا اسْتَغْفِرْ لَنَا ذُنُوبَنَا إِنَّا كُنَّا خَاطِئِينَ ﴿٩٧﴾

অনুবাদসমূহ:

তারা বলল, 'হে আমাদের পিতা, আপনি আমাদের পাপ মোচনের জন্য ক্ষমা চান। নিশ্চয় আমরা ছিলাম অপরাধী'।
— আল-বায়ান

তারা বলল, 'হে আমাদের পিতা! আমাদের গুনাহসমূহ মফির জন্য প্রার্থনা করুন। আমরাই ছিলাম অপরাধী।' —
তাইসিরুল

তারা বললঃ হে আমাদের পিতা! আমাদের পাপের জন্য ক্ষমা প্রার্থনা করুন; আমরাতো অপরাধী। — মুজিবুর রহমান

They said, "O our father, ask for us forgiveness of our sins; indeed, we have been sinners." — Sahih International

৯৭. তারা বলল, হে আমাদের পিতা! আমাদের পাপের জন্য ক্ষমা প্রার্থনা করুন; আমরা তো অপরাধী।(১)

(১) বাস্তব ঘটনা যখন সবার জানা হয়ে গেল, তখন ইউসুফের ভ্রাতারা স্বীয় অপরাধের জন্য পিতার কাছে ক্ষমা প্রার্থনা করে বললঃ আপনি আমাদের জন্য আল্লাহর কাছে মাগফেরাতের দোআ করুন। বলাবাহুল্য, যে ব্যক্তি আল্লাহর কাছে তাদের মাগফেরাতের জন্য দো'আ করবে, সে নিজেও তাদের অপরাধ মার্ফ করে দেবে।

তাফসীরে জাকারিয়া

(৯৭) তারা বলল, 'হে আমাদের পিতা! আমাদের পাপের জন্য ক্ষমা প্রার্থনা করুন; নিশ্চয়ই আমরা অপরাধী।' —

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=1693>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন